

**নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

- ১। ইছামতি গ্রাম কোন জেলায় অবস্থিত ?
- ২। কামরুল হাসান কোন জেলায় জন্মগ্রহণ করেন ?
- ৩। খাদি কাপড়ের বিশেষত্ব কী
- ৪। 'ঐতিহ্য' কী ?
- ৫। 'সুখী মানুষ' নাটিকার দৃশ্য সংখ্যা কত ?
- ৬। সুখী মানুষ' নাটিকার মোট চরিত্র সংখ্যা কত ?
- ৭। পহেলা বৈশাখের দ্বিতীয় বৃহৎ অনুষ্ঠান কোনোটি ?
- ৮। ঠাকুরগাঁও জেলার কোন মেলা অনুষ্ঠিত হয় ?
- ৯। 'পুণ্যাহ' কী ?
- ১০। পহেলা বৈশাখে মোরগের লড়াই কোথায় উদযাপিত হয় ?
- ১১। কখন থেকে নববর্ষ উৎসব ব্যাপকভাবে পালিত হয় ?
- ১২। সেলাইবিহীন লুঙ্গির মতো বস্তুটির নাম কী ?
- ১৩। 'মংডুর পথে' রচনায় ধাতব নতুন টাকার মতো চকচক করছিল কোনটি ?
- ১৪। মমতাজউদদীন আহমদের জন্ম সন কত ?
- ১৫। আয়ুর্বেদ শাস্ত্রমতে যারা চিকিৎসা করেন তাঁদের কী বলে ?

**সৃজনশীল প্রশ্ন**

পূর্বে বাংলাদেশে যেভাবে ঘটা করে বাংলা নববর্ষ পালিত হতো, সেভাবে কিন্তু কলকাতায় হতো না। এখন হচ্ছে। বাংলাদেশে অবশ্য আছে প্রাণের ছোঁয়া আর আবেগভরা অনুষ্ঠান। নববর্ষের মেলা। আর ইলিশ-পান্তা খাওয়ার রেওয়াজ। এখন কলকাতায় তা শুরু হচ্ছে।

ক. ঢাকায় নববর্ষ উদযাপনের দ্বিতীয় প্রধান আকর্ষণ কোনটি ?

খ. বাংলা নববর্ষ আমাদের প্রধান জাতীয় উৎসব কেন ? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের বক্তব্যে 'বাংলা নববর্ষ' প্রবন্ধে উল্লিখিত কোন দিকটির প্রতি ইঙ্গিত করা হয়েছে ?  
ব্যাখ্যা কর ।

ঘ. উদ্দীপকটি 'বাংলা নববর্ষ' প্রবন্ধের সামগ্রিকতা ধারণ করে কি ? বিশ্লেষণ করো ।